

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

New Rail Line :

রেলমন্ত্রক জিরানিয়া-বোধজংনগরের মধ্যে ১৪ কিলোমিটার দীর্ঘ একটি নতুন লাইন নির্মাণের জন্য চূড়ান্ত সমীক্ষার অনুমোদন দিয়েছে, যার আনুমানিক ব্যয় ধার্য করা হয়েছে ৪২ লক্ষ টাকা। এই অনুমোদন রাজ্যে রেলওয়ে পরিকাঠামো শক্তিশালীকরণ এবং শিল্প কার্যক্রম বৃদ্ধির দিকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নতুন প্রস্তাবিত জিরানিয়া-বোধজংনগর অংশটি শিল্প পণ্য পরিবহনের জন্য একটি গুরুত্বপূর্ণ রেল করিডোর হবে, যার ফলে ত্রিপুরার জনগণ এবং ব্যবসায়ীরা উল্লেখযোগ্য সুবিধা পাবেন।

Indian Army :

রাজ্যে আজ ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের যুদ্ধ জয়ের ৫৪তম বিজয় দিবস উদযাপন হবে। ভারতীয় সেনা বাহিনীর উদ্যোগে সকালে লিচুবাগানে এলবার্ট একা ওয়ার মেমোরিয়াল পার্কে শহীদদের স্মরণ করা হবে। আজ সন্ধ্যায় পার্কে সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা উপস্থিত থাকবেন।

Run For Tea :

রাজ্যের চা-এর জনপ্রিয়তা বাড়ানোর লক্ষ্যে আগামীকাল আগরতলায় রান ফর টি অনুষ্ঠিত হবে। গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে এই কথা জানান ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। তিনি

জানান, বীরচন্দ্র কেন্দ্রীয় পাঠাগারের সামনে থেকে তিন কিলোমিটার দৌড় অনুষ্ঠিত হবে।

PM Tour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইথিওপিয়ার রাজধানী আদিস আবাবা যাবেন। তিনি সেখানে ইথিওপিয়ার প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলীর সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন। শ্রী মোদী প্রবাসী ভারতীয়দের সঙ্গে দেখা করবেন এবং সংসদের যৌথ অধিবেশনেও ভাষণ দেবেন। গতকাল প্রধানমন্ত্রী জর্ডানের আশ্মানে পৌঁছেছেন। রাজা দ্বিতীয় আবদুল্লাহ ইবনে আল হুসেনের আমন্ত্রণে প্রধানমন্ত্রী জর্ডানে গেছেন। সেখানে তাকে গার্ড অফ অনার প্রদান করা হয়। প্রধানমন্ত্রী আগামীকাল ওমানের মাস্কাটে পৌঁছাবেন। মাস্কাটে, শ্রী মোদী ওমানের সুলতানের সঙ্গে আলোচনা করবেন এবং ওমানে বসবাসকারী ভারতীয় প্রবাসীদের একটি সমাবেশে ভাষণ দেবেন।

Piyush Goyal :

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল বলেছেন যে গত ১১ বছরে দেশে সৌর শক্তি ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গতকাল নয়াদিল্লিতে জ্বালানি খাতের উন্নয়ন নিয়ে তিনি সাংবাদিকদের বলেন ভারত এখন কয়লার চতুর্থ বৃহত্তম পরিশোধন কেন্দ্র, যা গত বছর এক বিলিয়ন টনেরও বেশি কয়লা উৎপাদন করতে সক্ষম হয়েছে। পাশাপাশি এই খাতে আমদানি আট শতাংশ হ্রাস পেয়েছে। তিনি বলেন ২০১৪ সাল থেকে, সরকার গত ১১ বছরে জ্বালানি খাতে ব্যাপক পরিবর্তন আনতে সক্ষম হয়েছে।

Byte-Piyush Goyal

MSME :

অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পমন্ত্রী জিতন রাম মাঝি বলেছেন উদ্যম পোর্টালে এখন পর্যন্ত সাত কোটিরও বেশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প নিবন্ধিত হয়েছে, যা সারা দেশে প্রায় ৩১ কোটি মানুষের কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছে। গতকাল রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নের উত্তরে, শ্রী মাঝি বলেন যে মাঝারি, অতিক্ষুদ্র ও ক্ষুদ্র শিল্প স্থাপনে ব্যক্তিদের সহায়তা করার জন্য ২০২০ সালে উদ্যম পোর্টাল চালু করা হয়েছিল। এই উদ্যোগের মাধ্যমে সরকার তাদের দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে আসতে সাহায্য করছে।

Santana Chakma :

শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তানা চাকমা বলেছেন সমাজের পিছিয়ে পড়া মানুষদের কিভাবে আত্মনির্ভর করে তোলা যায় সেই লক্ষ্য নিয়ে কাজ করছে বর্তমান সরকার। গতকাল ধর্মনগরের মিশনটিলার আই.টি.আই সংলগ্ন স্থানে জেলা শিল্পকেন্দ্র নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন তিনি। এই শিল্পকেন্দ্রটি গড়ে উঠলে জেলার বেকার ছেলেমেয়েরা উপকৃত হবে পাশাপাশি এলাকারও উন্নয়ন হবে বলে জানান তিনি। তিনি দেশীয় পণ্য ব্যবহার করার উপর গুরুত্বারোপ করেন। এই শিল্পকেন্দ্রটি নির্মাণ করতে ব্যয় ধরা হয়েছে ১ কোটি ৫৭ লক্ষ টাকা।

Zilla Parishad Meeting :

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি বিষ্ণুধন দাস। সভায় শিক্ষা দপ্তরের আধিকারিক জেলার বিভিন্ন বিদ্যালয়গুলির উন্নয়নমূলক প্রকল্পগুলি নিয়ে পর্যালোচনা করেন।

Cultural Workshop :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে জিরানীয়ার হরিজয় চৌধুরী পাড়ায় মাখুমাইকামি উচ্চ বিদ্যালয়ে আটদিনব্যাপী সাংস্কৃতিক কর্মশালার গতকাল সমাপ্তি হয়েছে। অনুষ্ঠানে জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ বলেন, বিদ্যালয়সূত্রে এই ধরনের সাংস্কৃতিক কর্মশালা ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ মানসিকতা ও মূল্যবোধে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

Under 19 Cricket :

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের দ্বিতীয় ম্যাচে হেরে গেলো ত্রিপুরা। নাগপুরের বিদর্ভ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত খেলায় গতকাল মিজোরাম ৩ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের গতরাতের খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় মণিপুর ৫-১ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়। এর আগে নাগাল্যান্ড ১-০ গোলে মিজোরামকে পরাজিত করেছে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।
